

**নারীদের কর্মমুখী  
 শিক্ষায় শিক্ষিত**

**করতে হবে : চুমকি**

■ কালীগঞ্জ (গাজীপুর) সংবাদদাতা মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি বলেছেন, জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীদের অংশগ্রহণ এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে হলে যথাযথ আইন প্রণয়নের পাশাপাশি তাদের কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করতে হবে। তিনি গতকাল রোববার বিকেলে মহিলা অধিদপ্তর ও মন্ত্রণালয়ের আয়োজনে গাজীপুর জেলার কালীগঞ্জে নোয়াপাড়ায় শহীদ ময়েজউদ্দিন মহিলা আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

উল্লেখ্য, ১২ কোটি টাকা ব্যয়ে শহীদ ময়েজউদ্দিন মহিলা আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রটি হয়তলা করা হবে। এই প্রশিক্ষণ কেন্দ্রে ৫০ জন নারী সার্বক্ষণিক থাকার ব্যবস্থা ও প্রশিক্ষণের সুযোগ পাবেন। প্রতি মাসে প্রত্যেককে ৫০০ টাকা বৃত্তি দেওয়া হবে। এখানে আধুনিক গার্মেন্টস, বেসিক কম্পিউটার, এমব্রয়ডারি, বিউটিফিকেশন, মোবাইল ফোন সার্ভিসিং ও ফুড প্রসেসিং প্রভৃতি ক্যাটাগরিতে তিন মাস মেয়াদি প্রশিক্ষণ দেওয়া হবে। অধিদপ্তরের মহাপরিচালক শাহীন আহমেদ চৌধুরীর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সচিব নাছিমা বেগম এনডিসি, অধিদপ্তরের পরিচালক মো. জাকির হোসেন প্রমুখ।